

# টমেটোর নারী ধ্বসা

## রোগ পরিচিতি:

*Phytophthora infestans* নামক জীবাণুর কারণে এই রোগ হয়। রোগাক্রান্ত টমেটো গাছের পরিত্যক্ত অংশ, আক্রান্ত বীজ, বাতাস, বৃষ্টি ও সেচের পানির মাধ্যমে ছত্রাকের অনুবীজ সুস্থ গাছে ছড়ায়। যদি ৭-১০ দিনের বেশি সময় ধরে আকাশ মেঘাচ্ছন্ন থাকে বা ঘন কুয়াশা পড়ে এবং সেই সাথে গুড়ি গুড়ি বৃষ্টি পড়তে থাকে, তাহলে টমেটো ক্ষেতে এই মড়ক রোগ লাগার সম্ভাবনা বেশি থাকে।

## রোগের লক্ষণ:

প্রাথমিক অবস্থায় পাতার উপর ফ্যাকাশে অথবা ফিকে সবুজ রংয়ের গোলাকার অথবা এলোমেলো পানি ভেজা দাগ পড়ে। এ সমস্ত দাগ বাদামী থেকে কালচে রং ধারণ করে। আক্রান্ত জমি থেকে পোড়া পোড়া গন্ধ পাওয়া যাবে। শেষ অবস্থায় এসে পাতা, কান্ড, শাখা সবই অক্রান্ত হয়ে গাছগুলো দেখতে পুড়ে যাবার মত মনে হয়। আক্রান্ত পাতার নিচে সাদা রংয়ের ছাতা (ছত্রাকজালি) পড়ে থাকতে দেখা যায়। আক্রান্ত পাতা, কান্ডে ও ফলে তুলার মত আবরণ দেখা যায়। পাতা, গাছের কান্ড, ডালপালা এবং ফল পোড়া পোড়া হয়ে সমস্ত ফসল অতি দ্রুত পঁচে যায়। এ ক্ষেত্রে কোন প্রকার ফলন পাওয়া যায় না।



ছবি: আক্রান্ত ফল, গাছ ও পাতা।

## সমন্বিত বালাই ব্যবস্থাপনা:

- ❖ রোগমুক্ত এলাকা হতে সুস্থ বীজ সংগ্রহ করতে হবে এবং সুস্থ চারা লাগাতে হবে।
- ❖ পরিমিত ও সময়মত সার এবং সেচ প্রয়োগ করতে হবে।
- ❖ আকাশ মেঘাচ্ছন্ন অথবা ঘন কুয়াশা ও গুড়ি গুড়ি বৃষ্টি ৩-৪ দিনের বেশি চলতে থাকলে দেরী না করে ম্যানকোজেব গ্রুপের ছত্রাকনাশক প্রতি মেশিন (১০ লিটার) পানিতে ৫ চা চামচ (২০ গ্রাম) হারে মিশিয়ে ১ম বার স্প্রে করার ৩ দিন পর ২য় বার স্প্রে করতে হবে। এরপর ৭ দিন পর ৩য় বার স্প্রে করতে হবে।
- ❖ আক্রান্ত ফসল সম্পূর্ণ পুড়িয়ে ধ্বংস করে ফেলতে হবে।

## আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: [dppw@dae.gov.bd](mailto:dppw@dae.gov.bd)

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।